



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

৯টি উপজেলা ও ৬টি পৌরসভায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা ও স্যানিটেশনের উন্নয়ন সাধনে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হবিগঞ্জ জেলা জনগনকে সেবা প্রদান করে চলেছে। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মুহুর্তে প্রশাসনের সাথে সমন্বয় করে দুর্যোগ মোকাবিলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হবিগঞ্জ জেলা সদা নিয়োজিত। হবিগঞ্জ জেলায় পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার কার্যক্রম নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা পর্যায়ে সরকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়।

প্রতি বছর মার্চ মাসে বিশ্ব পানি দিবস এবং অক্টোবর মাসে স্যানিটেশন মাস উদযাপনের মাধ্যমে জেলাবাসীকে উন্নত স্যানিটেশন ও সু-স্বাস্থ্য বিষয়ে উদ্বুদ্ধ করা হয়।

বিগত ৩ (তিন) বছরে হবিগঞ্জ জেলার পল্লীঅঞ্চলে ৫৯৪৭ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস স্থাপন এবং ২২টি কমিউনিটি টয়লেট, ১০টি বায়োফিল টয়লেট, ৭টি পাবলিক টয়লেট, ২১০৭টি স্যানিটারি টয়লেট নির্মাণ এবং ১৮টি পুকুর পুন: খনন করা হয়েছে। উক্ত সময়ে পৌর এলাকায় ৪০ কি: মি: পাইপ লাইন স্থাপন করা হয়েছে এবং ৩ টি ভূগর্ভস্থ ওয়াটার ট্রান্সমিটপ্ল্যান্টের কাজ সম্পন্ন হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

হবিগঞ্জ জেলাটি হাওড়, পাহাড়ী এলাকা ও চা বাগান বেষ্টিত এবং অধিকাংশ উপজেলার কিছু এলাকা দুর্গম। যার কারণে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনকে ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে। দুর্গম এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখা একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া ক্রমেই ভূ-গর্ভস্থ পানির স্তর নিচে চলে যাওয়ায় সুপেয় পানির স্তর না পাওয়া মাত্রারিক্ত আয়রন ও আর্সেনিক, হাওর ও পাহাড়ী এলাকা ইত্যাদির কারণে পানির উৎস স্থাপন করা এই অঞ্চলের জন্য একটি বিশেষ চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎপরিকল্পনা রয়েছে যেমন ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, দেশের প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন এবং জাতিসংঘ ঘোষিত “ টেকসই উন্নয়ন অর্জিত” এর লক্ষ্যমাত্রা ৬.২ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে সকলের জন্য সমতা ও পর্যাপ্ততার ভিত্তিতে স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার সুযোগ করা এবং খোলা জায়গায় মলত্যাগে নির্মূল করা এবং নারী ও বুকিপূর্ণ পরিস্থিতিতে বিদ্যমান জনগোষ্ঠির স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যায় উপর বিশেষ গুরুত্বরূপ করা।

২০২২-২৩ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

পানিসরবরাহ:

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন - ৩৫০০টি
- পল্লী এলাকায় কমিউনিটি ভিত্তিক পানির উৎস স্থাপন- ১০০ টি
- পৌর এলাকায় উৎপাদক নলকূপ স্থাপন- ৪টি
- পৌর এলাকায় পাম্প হাউজ স্থাপন- ৪টি
- পানি শোধনাগার নির্মাণ-১টি
- ওভার হেড ট্যাঙ্ক নির্মাণ-১টি
- পাইপ লাইনস্থাপন- ১৫ কিঃমিঃ
- পৌর এলাকায় হাউজ কানেকশনের মাধ্যমে পানি সরবরাহ- ২০০০টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা- ৩৫০০টি

স্যানিটেশন :

- পল্লী এলাকায় ইমপ্রুভড টয়লেট নির্মাণ-১১০ টি
- পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ- ৫০ টি
- পৌর এলাকায় ড্রেইন নির্মাণ-৬কি:মি
- মানববর্জ্য ব্যবস্থাপনা নির্মাণ-১টি
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নির্মাণ-১টি
- কমিউনাল বিন- ৩৬ টি

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: